

স্বরলিপি

দীপশিখা পোদ্দার

খড়কুটো উড়ে গেছে। ভেঙে গেছে ঘর।
এখন নদীর পাড়ে, এখন বালির পরে—
দাঁড়িয়ে রয়েছে একা পাখি...
পাখির পায়ের ছাপ মানুষের মতো দৃঢ় নয়,
তবু বালি, মহীয়ান বালি, সজীব জ্যোছনা দিয়ে
জাগিয়ে রেখেছে স্মৃতি তার...

পাঁজরে পাঁজরে মিশে অন্তরালে ডেকেছিল বান
ভয়ঙ্কর সে তুফান
আকশে বাতাসে গান
স্বরলিপি তুমি তার কতটুকু চিনেছ সহজে?

এখন থেমেছে বৃষ্টি। নমনীয় ঝড়।
মাবো মাবো বাতাসে উঠছে কেঁপে সবুজ পাতারা
চন্দ্রালোকে থেমে আছে এক
অক্ষম পাখির ভেজা ডানা...।

মিছিল সরে গেলে

রাণা চট্টোপাধ্যায়

মিছিল সরে গেলে পথের কোন
স্মৃতি থাকে না।
বাকল খসা গাছের মতো তাকিয়ে থাকি।
মিছিলের হাতে মৃত্যু অঙ্কিত পথ
ঘুঘু-ডাকা নিব্বাম দুপুর।
মিছিল সরে গেলে শ্যামল প্রান্তর কাঁদে
মানুষের মুখে।

অপেক্ষা

দিলীপ কুমার অধিকারী

এখনও শরীর ঘিরে
ছোঁয়াছুঁয়ি খেলা
বিস্তৃত অরণ্য দিয়ে
পথ কেটে চলা।
এখন প্লাবন শুধু
রক্তে ও ঘামে
ভেসে থাকা প্রতিকূল
জীবন সংগ্রামে।
এখনও তো টিকে থাকা
শিকড়ের টানে
জেগে থাকা বাতাসেতে
বিপ্লবের ঘ্রাণে।
এখন অপেক্ষা শুধু
কুঁড়ি থেকে ফোটা
স্বাভী নক্ষত্রের জলে
মুক্তো হয়ে ওঠা